

প্রথম আলো

ঢাকায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব জানুয়ারিতে

নিজস্ব প্রতিবেদক | আপডেট: ০১:৩৮, ডিসেম্বর ০১, ২০১৫ | প্রিন্ট সংস্করণ



আগামী ১৪ থেকে ২২ জানুয়ারি ঢাকায় আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব হচ্ছে। আর্থিক প্রতিকূলতার মধ্যেও আবারও উৎসবের আয়োজন করতে উদ্যোগী রেইনবো চলচ্চিত্র সংসদ। এটি ১৪তম ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব।

উদ্যোক্তা সংস্থার সভাপতি ও উৎসব পরিচালক আহমেদ মুজতবা জামাল বললেন, ‘এ ধরনের উৎসব আয়োজনের ক্ষেত্রে আর্থিক সমস্যা রয়েছে। তবে চলচ্চিত্র উৎসব বন্ধ হয়ে গেলে তা শহরের সংস্কৃতিপ্রেমী মানুষকে হতাশ করবে। তাই আমরা উদ্যোগী হয়েছি। যত ক্ষতিই হোক না কেন আমরা উৎসবের আয়োজন করেই যাব।’ তিনি জানান, আর্থিক প্রতিকূলতার মধ্যে থাকলেও সেন্সর বোর্ডসহ বেশ কয়েকটি সংস্থা এগিয়ে

আসায় এই উৎসবের আয়োজন সম্ভব হচ্ছে। সেন্সর বোর্ড সেন্সর ফি পুরোপুরি মওকুফ করে দিয়েছে। উৎসব আয়োজন সম্পন্ন করতে আরও পৃষ্ঠপোষকতা প্রয়োজন।

গতকাল দুপুরে ঢাকা ক্লাবের গেস্ট হাউস রেস্টুরেন্টে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে পাঠ করেন উৎসব পরিচালক আহমেদ মুজতবা জামাল। এ সময় উপস্থিত ছিলেন প্রাবন্ধিক মফিদুল হক, কবি ও স্থপতি রবিউল হুসাইন, অধ্যাপক নাজমুল এ কলিমুল্লাহ, চলচ্চিত্র নির্মাতা ও মিডিয়া ব্যক্তিত্ব সামিয়া জামান প্রমুখ।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এবারের উৎসবে বাংলাদেশসহ বিশ্বের ৬০টি দেশের ১৭০টি চলচ্চিত্র দেখানো হবে। রাজধানীর জাতীয় জাদুঘর মিলনায়তন, কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি মিলনায়তন, আলিয়ঁস ফ্রঁসেজ মিলনায়তন ও আমেরিকান ইএমকে সেন্টার মিলনায়তনে চলচ্চিত্রগুলোর নামমাত্র দর্শনীর বিনিময়ে প্রদর্শনীর ব্যবস্থা থাকবে।

উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান হবে ১৪ জানুয়ারি (বৃহস্পতিবার) বিকেল চারটায় জাতীয় জাদুঘর মিলনায়তনে। উদ্বোধনী চলচ্চিত্র হিসেবে প্রদর্শিত হবে বাংলাদেশের রুবাইয়াত হোসেন নির্মিত আন্ডার কনস্ট্রাকশন।

প্রতিবারের ধারাবাহিকতায় উৎসব উপলক্ষে ঢাকায় আসবেন বেশ কয়েকজন বিদেশি চলচ্চিত্র পরিচালক। ছবিগুলো দেখানো হবে অস্ট্রেলেশিয়া (অস্ট্রেলিয়া ও এশিয়া) প্রতিযোগিতা বিভাগ, রেট্রোস্পেকটিভ বিভাগ, সিনেমা অব দ্য ওয়ার্ল্ড বিভাগ, ট্রিবিউটস, সিনেমা অব দ্য ওয়ার্ল্ড, চিলড্রেনস বিভাগ, স্পিরিচুয়াল ফিল্মস, উইমেন ফিল্ম ও ইনডিপেনডেন্ট ফিল্মস বিভাগে।

চতুর্দশ ঢাকা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের অংশ হিসেবে ‘ষষ্ঠ ঢাকা আন্তর্জাতিক সিনে
ওয়ার্কশপ’ অনুষ্ঠিত হবে উৎসব চলাকালে ১৬ থেকে ২১ জানুয়ারি। তুরস্ক বংশোদ্ভূত
নরওয়েজিয়ান চলচ্চিত্রকার নেফিসে ওজকাল লরেন্টজিনের তত্ত্বাবধানে ইউনিভার্সিটি অব
লিবারেল আর্টস বাংলাদেশের (ইউল্যাব) সহযোগিতায় এতে দেশি-বিদেশি ৩৫ জন নবীন
চলচ্চিত্র শিক্ষার্থী, সমালোচক ও সাংবাদিক অংশ নেওয়ার সুযোগ পাবেন। আলিয়ঁস
ফ্রঁসেজ মিলনায়তনে উৎসবে নারীর ভূমিকাবিষয়ক সম্মেলন হবে ১৫ ও ১৬ জানুয়ারি।